**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ১ সেপ্টেম্বর ২০১৫, ১৭ ভাদ্র ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ছাত্রলীগকে বঙ্গবন্ধুর আদর্শে গড়ে তুলতে হবে : প্রধানমন্ত্রী

২। মন্ত্রিসভায় বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ গঠন অনুমোদন

৩। কোরবানি ঈদে গবাদি পশুর কোনো সঙ্কট হবে না : বাণিজ্যমন্ত্রী

৪। প্রাথমিকের বিনামূল্যের পাঠ্যবই ছাপানোর সংকট কাটলো : শর্ত প্রত্যাহারে সম্মত বিশ্বব্যাংক

৫। সব জেলায় নারী হোস্টেল নির্মাণ করা হবে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

৬। রাজধানীতে রাস্তার ওপর পশুর হাট নয় : ডিএমপি কমিশনার
- রেললাইনের কাছে পশুর হাট বসানো যাবে না

৭। আজ থেকে কার্যকর বিদ্যুৎ-গ্যাসের বর্ধিত মূল্য : এখনই বাড়ছে না বাস ভাড়া

৮। ফেলানীর পরিবারকে ৫ লাখ রুপি ক্ষতিপূরণ দেওয়ার সুপারিশ

৯। ইন্টারনেট ব্যান্ডউইথের দাম কমেছে

১০। কুড়িল ফ্লাইওভারের ঢালে নিয়ন্ত্রণ হারিয়ে বাস খাদে
: কুমিল্লায় টিনবোঝাই ট্রাক উল্টে নিহত ৭

১১। পাঁচ জেলার নদ-নদীতে পানি বৃদ্ধি পেয়ে পুনরায় বন্যা : দুই লক্ষাধিক মানুষ পানিবন্দি

চলমান পাতা/২

১। ছাত্রলীগকে বঙ্গবন্ধুর আদর্শে গড়ে তুলতে হবে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, স্বাধীন বাংলাদেশে এখনো একাত্তরের পরাজিতদের কিছু দালাল, চাটুকার ও তোষামোদকারী রয়ে গেছে। এসব দালাল ও চাটুকার আসলে পরগাছা। এই আগাছা উপড়ে ফেলেই আমাদের সামনের দিকে এগিয়ে যেতে হবে। চলার পথে যদি কিছু আগাছা থাকে তা উপড়ে ফেলে বঙ্গবন্ধুর আদর্শে নিজেদের গড়ে তোলার জন্য প্রধানমন্ত্রী ছাত্রলীগের নেতাকর্মীদের প্রতি নির্দেশ দেন। গতকাল ৩১ আগস্ট সোমবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় শোক দিবস উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব স্মরণে ছাত্রলীগ আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৮), প্রথম আলো (পৃ.২,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.৬), ডেইলি স্টার (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৫)। জনকণ্ঠ, ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। মন্ত্রিসভায় বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ গঠন অনুমোদন

বিনিয়োগ বোর্ড ও প্রাইভেটাইজেশন কমিশন বিলুপ্ত করে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ গঠনের নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। পাশাপাশি মন্ত্রিসভা ১৯৯৮ সালের আইন অনুযায়ী উপজেলা পরিষদের কাছে হস্তান্তরিত সব প্রতিষ্ঠান ও জনবলের বেতন ও অন্যান্য ব্যয় বাবদ সরকারের দেওয়া অর্থ পরিষদের তহবিলে জমা দেওয়ার প্রস্তাব অনুমোদন দিয়েছে। গতকাল ৩১ আগস্ট সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), ইনকিলাব (পৃ.১,ক.৮), সংবাদ (শেষ পৃ.,ক.৪), ডেইলি অবজারভার (পৃ.১,ক.৬), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৭)।

৩। কোরবানি ঈদে গবাদি পশুর কোনো সঙ্কট হবে না : বাণিজ্যমন্ত্রী

আসন্ন কোরবানি ঈদে গবাদি পশুর কোনো সঙ্কট হবে না বলে ভোক্তাদের আশ্বস্ত করেছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। পেঁয়াজসহ অন্যসব নিত্যপণ্যের দাম স্বাভাবিক থাকবে বলেও আশাবাদ ব্যক্ত করেছেন তিনি। এছাড়া নিত্যপণ্যের মূল্য কিছুতে যেন নিয়ন্ত্রণের বাইরে না যায় সে বিষয়ে সংশ্লিষ্টদের সজাগ থাকার পরামর্শ দিয়েছেন বাণিজ্যমন্ত্রী। আর বরাবরের মতো এবারও ব্যবসায়ীরা প্রতিশ্রুতি দিলেন কোরবানির সময় কোনো পণ্যের দাম বাড়বে না। পর্যাপ্ত মজুদ থাকায় ন্যায্যমূল্যে বিক্রি হবে সব ধরনের ভোগ্যপণ্য। গতকাল ৩১ আগস্ট সোমবার রাজধানীর কারওয়ান বাজারের টিসিবি ভবনের রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সম্মেলন কক্ষে এসব কথা বলেন বাণিজ্যমন্ত্রী। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), প্রথম আলো (পৃ.১২,ক.১), সংবাদ (পৃ.১,ক.৩), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.৭)।

৪। প্রাথমিকের বিনামূল্যের পাঠ্যবই ছাপানোর সংকট কাটলো : শর্ত প্রত্যাহারে সম্মত বিশ্বব্যাংক

দরপত্রের প্রক্রিয়া শেষ হবার পর নতুন করে দেওয়া শর্ত প্রত্যাহারে সম্মত হয়েছে বিশ্বব্যাংক। গতকাল ৩১ আগস্ট সোমবার ঋণদাতা সংস্থা বিশ্বব্যাংক, এডিবির প্রতিনিধিদের সাথে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী মোস্তাফিজুর রহমানের সাথে এক বৈঠকে বই ছাপার সংকট নিয়ে সাড়ে ৩ ঘণ্টা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সংবাদ মাধ্যমকে বলেন, যথাসময়ে বই দিতে হবে। দরপত্র অনুযায়ীই প্রেস মালিকরা বই ছাপবে। এই দরপত্রে ইন্সপেকশনের কথা বলা আছে। দরপত্রে উল্লেখিত শর্ত অনুযায়ী যা যা করা দরকার সব করা যাবে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৪), প্রথম আলো (পৃ.২,ক.১), সমকাল (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (পৃ.২,ক.৬)।

৫। সব জেলায় নারী হোস্টেল নির্মাণ করা হবে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি এমপি বলেছেন, পর্যায়ক্রমে দেশের সব জেলায় কর্মজীবী মহিলা হোস্টেল নির্মাণ করা হবে। এ বিষয়ে সরকার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। গতকাল ৩১ আগস্ট সোমবার রাজধানীর বেইলি রোডে জাতীয় মহিলা সংস্থার বেগম ফজিলাতুন্নেছা মুজিব অডিটরিয়ামে নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মাঝে অনুদানের চেক বিতরণ অনুষ্ঠানে প্রতিমন্ত্রী এ কথা জানান। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৭)।

৬। রাজধানীতে রাস্তার ওপর পশুর হাট নয় : ডিএমপি কমিশনার

- রেললাইনের কাছে পশুর হাট বসানো যাবে না

আসন্ন কোরবানির ঈদে রাস্তার ওপর আর কোনো পশুর হাট বসতে দেওয়া হবে না। এছাড়া অজ্ঞান ও মলম পার্টির সদস্যদের ধরে শুধু মামলা দেওয়া হবে তা নয়, তাদের জন্য স্পেশাল 'ট্রিটমেন্টের' ব্যবস্থা করা হবে। গতকাল ৩১ আগস্ট সোমবার মহাখালী বাস টার্মিনালে অজ্ঞান ও মলম পার্টি প্রতিরোধে সচেতনতা কার্যক্রমে অংশ নিয়ে সাংবাদিকদের কাছে এসব কথা বলেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া। সূত্র-ভোরের কাগজ (পৃ.১,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.৮), প্রথম আলো (শেষ পৃ.,ক.২)।

পবিত্র ঈদুল আজহা সামনে রেখে রেললাইনের কাছাকাছি ফাঁকা রেলভূমি বা রেলওয়ের মাঠে কোরবানির

পশুর অস্থায়ী হাট না বসানোর নির্দেশ দেওয়া হয়েছে। স্থানীয় সরকার বিভাগ থেকে এ সংক্রান্ত চিঠি গতকাল ৩১ আগস্ট সোমবার সংশ্লিষ্ট সবার কাছে পাঠানো হয়েছে। সূত্র-প্রথম আলো (শেষ পৃ.,ক.৩)।

৭। আজ থেকে কার্যকর বিদ্যুৎ-গ্যাসের বর্ধিত মূল্য : এখনই বাড়ছে না বাস ভাড়া

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী আজ ১ সেপ্টেম্বর মঙ্গলবার হতে বর্ধিত মূল্যে বিক্রি হবে রুপান্তরিত প্রাকৃতিক গ্যাস বা সিএনজি। রাজধানীর অধিকাংশ যাত্রীবাহী বাস সিএনজিতে চলে বলে নতুন এই মূল্য বৃদ্ধির ফলে বাস ভাড়া বাড়ানোর জন্য সরকারকে চাপ দিচ্ছে মালিক পক্ষ। তবে সরকারি সিদ্ধান্ত না আসা পর্যন্ত সব বাস মালিকদের অপেক্ষা করতে বলেছে বাস মালিকদের সংগঠন। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৬), নিউজ টুডে (পৃ.১,ক.৫), নিউ নেশন (পৃ.১,ক.৬)।

৮। ফেলানীর পরিবারকে ৫ লাখ রুপি ক্ষতিপূরণ দেওয়ার সুপারিশ

কুড়িগ্রামের ফুলবাড়ি সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে নিহত বাংলাদেশি কিশোরী ফেলানী হত্যায় ভারতের জাতীয় মানবাধিকার কমিশন কেন্দ্রীয় সরকারকে ফেলানীর পরিবারকে ক্ষতিপূরণ হিসেবে ৫ লাখ রুপি প্রদানের সুপারিশ করেছে। গতকাল ৩১ আগস্ট সোমবার বিষয়টি নিশ্চিত করেছেন ফেলানী হত্যা মামলার আইনজীবী ও কুড়িগ্রামের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট এসএম আব্রাহাম লিংকন। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.৩), প্রথম আলো (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.৭), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৪)। সংবাদ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। ইন্টারনেটে ব্যান্ডউইথের দাম কমেছে

ইন্টারনেট ব্যান্ডউইথের দাম কমল। বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড আজ ১ সেপ্টেম্বর মঙ্গলবার থেকে ইন্টারনেট ব্যান্ডউইথের নতুন মূল্য নির্ধারণ করেছে। ইন্টারনেট গেটওয়েগুলো এখন ১ এমবিপিএস ব্যান্ডউইথ পাবে ৬২৫ টাকায়। যা আগে ছিল এক হাজার ৬৮ টাকা। তবে এই মূল্য কেবল ঢাকা, চট্টগ্রাম ও কক্সবাজারে কার্যকর হবে। যেসব অপারেটর ন্যূনতম ১০ গিগাবিট ব্যান্ডউইথ ক্রয় করবে শুধু তারাই ইন্টারনেট ব্যান্ডউইথের এই মূল্য সুবিধা উপভোগ করতে পারবে। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৫), প্রথম আলো (পৃ.৩,ক.২), জনকণ্ঠ (পৃ.১,ক.৩), ফিনানশিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.৭), নিউজ টুডে (পৃ.৩,ক.৫)।

১০। কুড়িল ফ্লাইওভারের ঢালে নিয়ন্ত্রণ হারিয়ে বাস খাদে

: কুমিল্লায় টিনবোঝাই ট্রাক উল্টে নিহত ৭

রাজধানীর কুড়িল ফ্লাইওভার থেকে নেমে একটি চলন্ত বাস নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে যায়। এতে বড় ধরনের কোনো হতাহত হয়নি। তবে তিন যাত্রী আহত হয়েছেন। তারা কুর্মিটোলা জেনারেল হাসপাতালে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। গতকাল ৩১ আগস্ট সোমবার সকাল ১০টার দিকে এ ঘটনা ঘটে। ফায়ার সার্ভিস কর্মীরা বাসটি খাদ থেকে টেনে তুলেছে। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.৪), ইত্তেফাক (পৃ.১,ক.১), ইনকিলাব (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (পৃ.১,ক.৩), ডেইলি সান (পৃ.৩,ক.১)।

কুমিল্লায় টিনবোঝাই ট্রাক উল্টে ৭ জন নিহত ও চারজন আহত হয়েছেন। এ দুর্ঘটনার পর ওই এলাকায় ৬০ কিলোমিটার যানজটের সৃষ্টি হয়। এছাড়া বরিশাল, নীলফামারীর ডিমলা ও ময়মনসিংহের ভালুকাসহ ৮ স্থানে পৃথক সড়ক দুর্ঘটনায় ৭ জন নিহত ও ১৩ জন আহত হওয়ার খবর পাওয়া গেছে। সূত্র-যুগান্তর (পৃ.৩,ক.৬), সংবাদ (শেষ পৃ.,ক.১)।

১১। পাঁচ জেলার নদ-নদীতে পানি বৃদ্ধি পেয়ে পুনরায় বন্যা : দুই লক্ষাধিক মানুষ পানিবন্দি

টানা বৃষ্টিপাত ও পাহাড়ি ঢলে আবারো নদ-নদীর পানি বৃদ্ধি পেয়ে সুনামগঞ্জ, নীলফামারী, বগুড়া, গাইবান্ধা ও লালমনিরহাট জেলায় বিস্তীর্ণ এলাকার বাড়িঘর, ফসলি জমি ও রাস্তাঘাট পানিতে তলিয়ে গেছে। এতে পানিবন্দি হয়ে পড়েছে দুই লক্ষাধিক মানুষ। সুনামগঞ্জে সুরমা এবং নীলফামারী ও লালমনিরহাটে তিস্তা এবং বগুড়ায় যমুনার পানি বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ., ক.২), সংবাদ (পৃ.১,ক.৩), ডেইলি অবজারভার (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৪)। ইনকিলাব এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : মালয়েশিয়ায় বাংলাদেশি ব্যবসায়ীর অপহরণ ও মুক্তিপণ দিয়ে ছাড়া পাওয়ার ঘটনার পরিপ্রেক্ষিতে এ বিষয়ে গ্রেফতারকৃতদের কাছ থেকে তথ্য বের করার পাশাপাশি এ ধরনের অপরাধ মোকাবিলায় মালয়েশিয়ার সঙ্গে কাজ করার উদ্যোগ নেওয়ার আহ্বান;

খ. ইত্তেফাক : পেশা হিসেবে নার্সিং উন্নত ও মানসম্পন্ন করতে সরকারি ও বেসরকারি উভয় পর্যায়ে নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সমস্যা ও সীমাবদ্ধতার অবসান হওয়া দরকার বলে অভিমত;

গ. জনকণ্ঠ, ইনকিলাব, নিউ এজ : বিদ্যুৎ-জ্বালানির দাম বাড়লে সবকিছুর দামের ওপর এর প্রভাব পড়ায় গ্রাহকদের স্বার্থকে বিবেচনায় নিয়ে এই মূল্য বৃদ্ধির বিষয়টি পুনর্বিবেচনা করার সুপারিশ;

ঘ. যুগান্তর, সমকাল, ইনকিলাব, ভোরের কাগজ, ডেইলি স্টার, ডেইলি সান, নিউ এজ, নিউজ টুডে, নিউ নেশন, ডেইলি অবজারভার : সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক লাঞ্ছনার ঘটনায়

জড়িতদের বিরুদ্ধে যথাযথ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গ্রহণের পাশাপাশি সমস্যার মূলে দৃষ্টি দেওয়ার ওপর গুরুত্বারোপ;

ঙ. সংবাদ : জাতীয় প্রেসক্লাবকে সকল প্রকার চাপ বা প্রভাবহীন এবং রাজনৈতিক পক্ষপাতমুক্ত প্রতিষ্ঠান হিসেবে মত প্রকাশের স্থান হিসেবে দেখতে চাওয়ার প্রত্যাশা;

চ. ডেইলি স্টার : চট্টগ্রামে ১২ বছরের তাকরিম হোসেন সৌরভ নামের শিশুকে নির্যাতনের ঘটনা তুলে ধরে শিশুদের প্রতি সহিংসতা বন্ধে অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট, প্রথম আলো : ইন্টার্ন চিকিৎসকদের ভাতা বৃদ্ধির ব্যাপারে সরকারের আশু পদক্ষেপের প্রত্যাশা;

জ. ডেইলি সান : পরিবহণ ভাড়া বৃদ্ধির আশঙ্কা করে সরকারকে এ ব্যাপারে জনদুর্ভোগ বিবেচনায় নিয়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার আহ্বান;

ঝ. ফিনানশিয়াল এক্সপ্রেস : হঠাৎ করে পেঁয়াজের মূল্য বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করে ব্যবসায়ী ও পাইকারি বিক্রেতাদের পেঁয়াজ মজুদ করা প্রতিরোধে বাজার মনিটরিং ব্যবস্থা করাসহ টিসিবির মাধ্যমে পেঁয়াজ আমদানির ব্যবস্থা জোরদার করার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে ব্যক্তিখাতই অর্থনীতির মূল চালিকা শক্তি হওয়ায় ব্যক্তিখাতের বিকাশের মাধ্যমে বিনিয়োগ বাড়বে, বিনিয়োগ বাড়লে কর্মসংস্থান সৃষ্টি হবে, কমবে দরিদ্র জনগোষ্ঠীর সংখ্যা বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত 'জিএসপি ফিরে পেতে হবে' শিরোনামের নিবন্ধে তারেক শামসুর রেহমান জিএসপি সুবিধা ফিরে পেতে হলে যুক্তরাষ্ট্রের দেওয়া ১৬ দফা কর্মপরিকল্পনার পূর্ণ বাস্তবায়নের উদ্যোগ নেওয়া ছাড়া কোনো বিকল্প নেই বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা